

আডমিসন পদ্ধতি সম্পূর্ণ না হওয়া পর্যন্ত ছাত্র-ছাত্রীদের কলেজ আসার প্রয়োজন নেই। সমস্ত প্রক্রিয়া অনলাইনে হবে। বিস্তারিত জানতে নোটিশ বোর্ড লক্ষ্য রাখতে হবে। প্রয়োজনে কলেজের অফিসিয়াল ফোন নম্বর ও ইমেইল এ যোগাযোগ করা যেতে পারে।

৮ ১৬৭৩০৫৫২৬, ৯৪৩৪৮৬৭৮৯২

[Time: 11.00 A.M. to 5.00P.M EXCEPT SUNDAY]

Email: [bhatarcollege@gmail.com](mailto:bhatarcollege@gmail.com)

বিশেষ কিছু নির্দেশাবলী - যার অন্যথা হলে ভর্তি বাতিল হবে এবং কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১. ছবি, সই এবং অন্যান্য ডকুমেন্টস আপলোড করা আবশ্যিক। ডকুমেন্টস যা যা আপলোড করতে হবে সেগুলো যেন অরিজিনাল সার্টিফিকেট থেকে স্ক্যান করে দেওয়া হয়। আপলোড করা ডকুমেন্টস গুলোর তথ্য যদি পরবর্তী ক্ষেত্রে ভুল প্রমাণিত হয় ভর্তি বাতিল বলে গন্য হবে। কলেজ কর্তৃপক্ষ কোনও ভাবে দায়ী থাকবে না।
২. ভর্তির ফর্ম বা রেজিস্ট্রেশন করার পদ্ধতি সম্বলিত একটি বিস্তারিত নিয়মাবলী ভর্তির ওয়েবসাইটে দেওয়া থাকবে।
৩. একটি ছাত্র বা ছাত্রী দুইবারের বেশী একই কলেজে প্রথম বর্ষে ভর্তি হতে পারবে না। এক্ষেত্রে তার আগের ইউনিভার্সিটি রেজিস্ট্রেশন নম্বরটিই বহাল থাকবে।
৪. রাজ্য স্তরে খেলোয়াড়ৰা স্প্রোটস কোটায় মেরিট লিস্টে থাকা র্যাঙ্কের ভিত্তিতে সাম্মানিক কোর্সে প্রথম বর্ষে ভর্তির জন্য বিবেচিত হবে স্বীকৃত খেলার উপযুক্ত প্রমান পত্র থাকলো। জেলা স্তরের খেলোয়াড়ৰা স্প্রোটস কোটায় মেরিট লিস্টে থাকা র্যাঙ্কের ভিত্তিতে জেনারেল কোর্সে প্রথম বর্ষে ভর্তির জন্য বিবেচিত হবে, যদি উচ্চ মাধ্যমিক বা সমতুল্য পরিষ্কায় পাশ মার্কস সহ স্বীকৃত খেলার উপযুক্ত প্রমান পত্র থাকে।
৫. সাম্মানিক কোর্সে ভর্তির জন্য মেধা তালিকা তৈরি হবে কলেজ কর্তৃপক্ষের নির্ধারিত নিয়ম অনুসারে।

(ভেরিফিকেশনের সময় ছাত্র-ছাত্রীর যদি প্রয়োজনীয় ডকুমেন্টস এর সঙ্গে ভর্তি পত্রিয়ায় দেওয়া বিষয়গুলির ভিতর মিল না থাকে, ভর্তি বাতিল বলে গন্য করা হবে এবং জমা দেওয়া কোনো ধরনের টাকা ফেরত দেওয়া হবে না।)

৬. ENVS ELECTIVE SUBJECT হলে সেই মার্কস বেস্ট ফাইভ এর সঙ্গে যোগ হবে। ENVS OPTIONAL হলে বেস্ট ফাইভে এ যোগ হবে না।

৭. রেজিস্ট্রেশন বা ফর্ম ফিল আপ ১৫০.০০ টাকা দিয়ে করা যাবে। ব্যাঙ্ক এর চার্জ অতিরিক্ত যা আবেদন কারীকে বহন করতে হবে।

৮. ফর্ম ফিল আপ করার সময় আবেদন কারী কে নিজের ইমেইল আইডি দিতে হবে। ইউজার আইডি ও পাসওয়ার্ড উক্ত ইমেইল এ পৌছাবে। ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রয়োজনে তার দরকার পরতে পারে।

৯. সাম্মানিক কোর্সে ভর্তির জন্য উচ্চ মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় যদি সেই বিষয় থাকে তাহলে সেই বিষয়ে ৪৫% প্রয়োজন।

১০. ফর্ম ফিল আপ করার সময় যে ফোন নম্বর আবেদনকারী দিয়ে থাকবে, সমস্ত ইউজার আইডি, পাসওয়ার্ড ও অন্যান্য মেসেজ সেখানেই যাবে। তাই এমন নম্বর দিতে হবে যার নেটওয়ার্ক যেন কার্যকরী হয়। অনেক সময় নেটওয়ার্ক এর সমস্যার জন্য তথ্যাদি পৌছাতে বিলম্ব হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১১. যেহেতু ছাত্র-ছাত্রী কে ভর্তি পত্রিয়া চলাকালীন কলেজে আসতে হবে না তাই সমস্ত তথ্যাদি জানার জন্য নিয়মিত কলেজ ওয়েবসাইটের নোটিশ বোর্ড ও আডমিসন পোর্টাল এর নোটিস বোর্ড লক্ষ্য রাখতে হবে।

১২. প্রত্যেক ছাত্র-ছাত্রীকে অনলাইন সাইটে প্রদত্ত সাধারণ তথ্য ও নিয়মাবলী সমন্বিত College Prospectus 2019-2020 ফর্ম পূর্ণ করার আগে ভালভাবে দেখে নিতে বলা হচ্ছে।